**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

৪৬.০০.০০০০.০৪২.৩২.০১৮.২৩.**৪৫৮**

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, বরিশাল কর্তৃক বাস্তবায়নাধীন 'জলবায়ু পরিবর্তনের ঝুকিঁ মোকাবেলায় বরিশাল জেলায় ০২টি উপজেলায় (বাবুগঞ্জ ও মুলাদী) আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন' শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আন্তঃখাত সংশোধনসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সংক্রান্ত।**

সূত্রঃ জেলা পরিষদ, বরিশাল এর স্মারক ৪৬.১০.১০০৬.০০২.০১৮.২৪.১৬৪, তারিখ: ০৫/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, বরিশাল কর্তৃক বাস্তবায়নাধীন 'জলবায়ু পরিবর্তনের ঝুকিঁ মোকাবেলায় বরিশাল জেলায় ০২টি উপজেলায় (বাবুগঞ্জ ও মুলাদী) আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন' শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আন্তঃখাত সংশোধনসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সূত্রস্থ পত্রের মাধ্যমে পাওয়া গেছে। কিন্তু প্রস্তাবের সাথে নিম্নরূপ তথ্যাদি প্রেরণ করা হয়নি:

| | |
|---|---|
| (ক) | জলবায়ু পরিবর্তন ট্রাস্টের নির্ধারিত চেকলিষ্ট (কপি সংযুক্ত) এর ক্রমিক-৪ এর তথ্য যথাযথভাবে পূরণ করা হয়নি। |
| (খ) | চেকলিষ্ট এর ক্রমিক-৫ এর বর্ণনা অনুযায়ী প্রকল্প সংশোধনের লক্ষ্যে Project Implementation Committee (PIC)র সভার সুপারিশ প্রস্তাবের সাথে প্রেরণ করা হয়নি। |
| (গ) | প্রকল্প প্রস্তাবের প্রতি পৃষ্ঠায় বাস্তবায়নকারী সংস্থা প্রধান (জেলা পরিষদের চেয়ারম্যান) এবং প্রকল্প পরিচালক (প্রধান নির্বাহী কর্মকর্তা) এর নাম যুক্ত সীল ব্যবহার করা হয়নি। |

২। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদিসহ বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১(এক) পাতা।

২১/৪/২০২৪

মাহবুবা আইরিন
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ:**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, বরিশাল।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।

**অনুলিপি:**

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন-১০১, মহাখালী, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।